

B.A Part- III (Honours) Examination, 2021

বাংলা (সাম্মানিক)

পত্র – সপ্তম

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক ।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও ।

উত্তরপত্র সর্বাধিক তেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪ x ৫ = ২০

- ক) 'সাধারণীকরণ' কী? এর স্বরূপ নির্ণয় করো।
- খ) 'রীতি' কাকে বলে? কাব্যজিজ্ঞাসা অনুসরণে রীতির পরিচয় দাও।
- গ) 'অতিপ্রাকৃত' গল্প কাকে বলে? 'নিশীথে' গল্পটিকে অতিপ্রাকৃত গল্প বলা যায় কি না বুঝিয়ে দাও।
- ঘ) 'পোস্টমাস্টার' গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা করো।
- ঙ) 'সমস্ত বর্ষাকালটা ভিখু ভয়ানক কষ্ট পাইয়াছে' - কার লেখা কোন গল্পের অংশ? ভিখুর কষ্ট পাওয়ার কারণ কী?
- চ) বাংলার প্রকৃতি কীভাবে বাংলাকাব্যকে প্রভাবিত করেছে তা 'বাংলা কাব্যের গোড়ার কথা' অবলম্বনে বুঝিয়ে দাও।

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৩x ১০= ৩০

- ক) 'সহৃদয়হৃদয়সম্বাদী' কাদের বলা যায়? রসনিষ্পত্তি কীভাবে হয় আলোচনা করো।
- খ) 'কাব্যে গ্রাহ্যমলংকারাৎ' - কে কোথায় অভিমতটি ব্যক্ত করেছেন? মতবাদটির পক্ষে বিপক্ষে যুক্তিগুলি বিশদে উদাহরণসহ বুঝিয়ে দাও।
- গ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধে উল্লিখিত নারীচরিত্রগুলির উপেক্ষা সম্বন্ধে রবীন্দ্রনাথের অভিমত ব্যক্ত করো।
- ঘ) 'আদাব' সাম্প্রদায়িক সম্প্রীতির অনবদ্য দলিল।-আলোচনা করো। গল্পটি কবে কোথায় প্রথম প্রকাশিত হয়?
- ঙ) 'আজ রাতে আবার সেইরূপ উপদ্রব আরম্ভ হইয়াছে।' কে কাকে বলেছে? সংক্ষেপে উপদ্রবটির বর্ণনা দাও।

